

“তালিকাভুক্তি বিজ্ঞপ্তি”

“শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ”

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এ ২০১৭-১৮ অর্থ বৎসরে নিম্নবর্ণিত গ্রুপ সমূহের বিপরীতে প্রয়োজন অনুযায়ী মালামাল সরবরাহ এবং সার্ভিস প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠিত সরবরাহকারী/টিকাদারী/সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপক্ষে তালিকাভুক্তির নিমিত্ত আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	গ্রুপের নাম	কাজের বিবরণ
০১	ক	যাবতীয় অফিস স্টেশনারী ও মুদ্রণ সামগ্রী সরবরাহ।
০২	খ	পোশাক-পরিচ্ছদ/ব্যাগ/ছাতা, সোফট পোশাক ইত্যাদি সরবরাহ।
০৩	গ	যানবাহন মেরামত ও সার্ভিসিং।
০৪	ঘ	যানবাহনের খুচরা যন্ত্রাংশ/টায়ার, টিউব, ব্যাটারী ইত্যাদি সরবরাহ।
০৫	ঙ	আসবাবপত্র সরবরাহ ও মেরামত।
০৬	চ	বৈদ্যুতিক, যান্ত্রিক ও রাসায়নিক দ্রব্যাদি, খুচরা যন্ত্রাংশ ও কনজুম্যাবল আইটেম সরবরাহ ও মেরামত।
০৭	ছ	ক্রিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (বিদ্যুৎ কেন্দ্রের মালামাল ছাড়করণের অভিজ্ঞতা থাকতে হবে)।
০৮	জ	পূর্ত নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।
০৯	ঝ	কম্পিউটার, টেলিফোন, ফ্যাক্স, PABX সিস্টেম সরবরাহ, মেরামত ও রক্ষণাবেক্ষণ।
১০	ঞ	আমদানীর মাধ্যমে পাওয়ার প্লান্টের Spare parts ও ইকুইপমেন্ট সরবরাহ।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে এবং প্রতিষ্ঠানটি কোন গ্রুপের জন্য তালিকাভুক্ত হতে ইচ্ছুক তা আবেদনে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একই প্রতিষ্ঠান একাধিক গ্রুপের জন্য আগ্রহী হলে আবেদন, দলিল পত্রাদি এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পৃথকভাবে দাখিল করতে হবে।
- অভিজ্ঞতাঃ**
 - উপরোক্ত সরবরাহকারী ও সেবা প্রদানকারী গ্রুপের অন্তর্ভুক্ত আইটেমসমূহের সরবরাহ/সেবা প্রদান এর ক্ষেত্রে কমপক্ষে ০২(দুই) বছরের সুনির্দিষ্ট অভিজ্ঞতা থাকতে হবে।
 - প্রস্তুতকারী, সরবরাহকারী এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে বিগত ০২(দুই) বছরের সুনির্দিষ্ট অভিজ্ঞতার প্রয়োজনীয় প্রমাণ-পত্র (কার্যদেশ/চুক্তিপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত) দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজ পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবেঃ**
 - ট্রেড লাইসেন্স (২০১৬-১৭ অর্থ বছর), ভ্যাট রেজিস্ট্রেশন ও টিআইএন সার্টিফিকেট, আয়কর পরিশোধের সার্টিফিকেট এবং ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।
 - আবেদনকারী প্রতিষ্ঠান যদি কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান - এ তালিকাভুক্ত হয়ে থাকে তবে সেই তালিকাভুক্তির দলিল; এবং
 - ইতোপূর্বে সন্তোষজনক কাজ সমাপ্তির সনদপত্র।
- ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য তালিকাভুক্তির ক্ষেত্রে উপরোল্লিখিত কাগজপত্রাদিসহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে তালিকাভুক্তি ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (আবেদনকৃত প্রতি গ্রুপের জন্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) “রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড” এর অনুকূলে জমা দিতে হবে।
- আরপিসিএল কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির মূল্যায়নে যে সকল প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে তাদেরকে পত্র মারফত অথবা ই-মেইল যোগে অবহিত করা হবে।
- তালিকাভুক্তি সম্পন্ন হওয়ার পর রুরাল পাওয়ার কোম্পানী লিঃ কর্তৃক আহবানকৃত দরপত্রের শর্তানুযায়ী অংশগ্রহণকারী তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে প্রতিটি দরপত্রের বিপরীতে প্রযোজ্য হারে আর্নেস্টম্যানি প্রদান করতে হবে।
- প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে লিখিত আবেদন আগামী ২৭.০৭.২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত রুরাল পাওয়ার কোম্পানী লিঃ এর সদর দপ্তরে (বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯, উত্তরা মডেল টাউন, ঢাকা) গ্রহণ করা হবে।
- কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র কোম্পানী কর্তৃক সংরক্ষিত।

কোম্পানী সচিব

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
Rural Power Company Ltd

ISO: 9001:2008
Certified